গঠণতন্ত্র (CONSTITUTION)

সূচী

	বিষয়	পৃষ্ঠা
০১।	শিরোনাম, সদর দপ্তর, এলাকা, পতাকা ও মনোগ্রাম	৩
০২।	সংজ্ঞা	৩
০৩।	উদ্দেশ্য, কার্য্যক্রম ও দায়িত্ব	৪
০৪।	এফিলিয়েটেড সংস্থা/সংগঠন সমূহ	৫
০৫।	সাধারণ পরিষদের গঠন	৫
০৬।	এফিলিয়েশন পদ্ধতি ও ফি	৫
০৭।	সাধারণ পরিষদ গঠন	৫
০৮।	সাধারণ পরিষদের ক্ষমতা ও কার্য্যাবলী, সাধারন সভা, তলবী সভা	৬
০৯।	সাধারণ সভার আলোচ্যসূচী	৬
১০।	সভার কোরাম	৭
১১।	সাধারণ পরিষদ ও কার্য্যনির্বাহী কমিটির মেয়াদকাল	৭
১২।	কার্য্যনির্বাহী কমিটি	৭
১৩।	কার্য্যনির্বাহী কমিটির ক্ষমতা, দায়িত্ব ও কর্তব্য	৭
১৪।	শাস্তিমূলক ব্যবস্থা, সভা আহবান, কার্য্যনির্বাহী কমিটির সদস্যদের দায়িত্ব ও ক্ষমতা	৮
১৫।	হিসাব নিরীক্ষা ও পদ্ধতি, তহবিল সংগ্রহ ও পরিচালনা, অর্থ বৎসর	১০
১৬।	নির্বাচন	১১
১৭।	কল্যাণ তহবিল	১১
১৮।	খেলোয়াড় নিবন্ধীকরণ	১১
১৯।	বিধি ও উপ-বিধি	১২
২০।	গঠণতন্ত্র সংশোধন	১২
২১।	আরবিট্রেশন	১২

QAZI AHMED MAJEE
General Secretary

বাংলাদেশ রোলার স্কেটিং ফেডারেশন
BANGLSDESH ROLLER SKATING FEDERATION

গঠণতন্ত্র (CONSTITUTION)

ধারা-১

শিরোনাম, সদর দপ্তর, এলাকা, পতাকা ও মনোগ্রাম ঃ

১। নামঃ এই প্রতিষ্ঠানের নাম হইবে "বাংলাদেশ রোলার স্কেটিং ফেডারেশন"। সংক্ষেপে "বি. আর. এস. এফ" হইবে।
২। সদর দপ্তরঃ এই প্রতিষ্ঠানের সদর দপ্তর রাজধানী ঢাকায় অবস্থিত হইবে।
৩। এলাকাঃ সমগ্র বাংলাদেশের স্কেটিং ক্রীড়া এই প্রতিষ্ঠানের আওতাধীন থাকিবে।
৪। পতাকাঃ সবুজের উপর সাদা গোলাকারের ভিতরে স্কেটিং চিত্র এবং বি.আর.এস.এফ লেখা থাকিবে।
৫। মনোগ্রামঃ একটি বৃত্তের মধ্য হইতে একজন স্কেটার বাহির হইয়া আসিতেছে এমন চিত্র।

ধারা-২

সংজ্ঞা ঃ

ক) বিশেষভাবে উল্লেখিত না হইলে এই গঠনতন্ত্রে বর্নিত "ফেডারেশন" বলিতে "বাংলাদেশ রোলার স্কেটিং ফেডারেশনকে" বুঝাইবে।

খ) "গঠনতন্ত্র" বলিতে বাংলাদেশ রোলার স্কেটিং ফেডারেশনের এই গঠনতন্ত্র বুঝাইবে।

গ) "বিভাগ" ও "জেলা" দ্বারা প্রশাসনিক জেলা ও বিভাগকে বুঝাইবে।

ঘ) অঞ্চল বলিতে বিআরএসএফ কতৃক নির্ধারিত এলাকা বুঝাইবে।

ঙ) "সদস্য-সংস্থা" বলিতে বাংলাদেশ রোলার স্কেটিং ফেডারেশনের সঙ্গে এফিলিয়েটড স্কেটিং সংস্তাসমূহ বুঝাইবে।

চ) "সাধারণ পরিষদ" বলিতে "বাংলাদেশ রোলার স্কেটিং ফেডারেশনের সাধারণ পরিষদ" কে বুঝাইবে।

ছ) "কার্য্যনির্বাহী কমিটি" বলিতে "বাংলাদেশ রোলার স্কেটিং ফেডারেশনের কার্য্য নির্বাহী কমিটি" কে বুঝাইবে।

জ) "স্কেটিং" বলিতে " এফআইআরএস" অনুমোদিত নিয়মানুযায়ী (বিআরএসএফ কতৃক গৃহীত) পরিচালিত স্কেটিং খেলাকে বুঝাইবে।

ঝ) বিধি, উপ-বিধি বলিতে বাংলাদেশ রোলার স্কেটিং ফেডারেশন প্রণীত অথবা অনুমোদিত স্কেটিং খেলা সংগঠন ও পরিচালনার আইন কানুনকে বুঝাইবে।

ঞ) "এফআইআরএস" (FIRS) বলিতে FEDERATION INTERANTION DE ROLLER SPORTS কে বুঝাইবে।

ট) সিএআরএস (CARS) বলিতে CONFEDERATION AISA DE ROLLER SKATING কে বুঝাইবে।

উদ্দেশ্য, কার্য্যক্রম ও দায়িত্ব ঃ

বাংলাদেশ রোলার স্কেটিং ফেডারেশনের উদ্দেশ্য, কার্য্যক্রম ও দায়িত্ব নিম্নরূপ হইবে ঃ

০১। সমগ্র বাংলাদেশ স্কেটিং খেলার প্রসার, উন্নয়ন, তত্ত্বাবধান ও সমন্বয় সাধন।

০২। আঞ্চলিক ও আন্তর্জাতিক স্কেটিং সংস্থা সমূহের স্বীকৃতি অর্জন ও সম্পর্ক উন্নয়ন।

০৩। জেলা বিভাগী ক্রীড়া সংস্থা ও অন্যান্য স্কেটিং সংস্থাকে স্বীকৃতি প্রদান ও কার্য্যক্রম পরিচালনায় পরামর্শ দান ও তত্ত্বাবধান।

০৪। স্কেটিং প্রশিক্ষণের পরিকল্পনা ও কার্য্যক্রম তৈরী।

০৫। বাংলাদেশ স্কেটিং এর মান আন্তর্জাতিক পর্যায়ে উন্নীত করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন।

০৬। জাতীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক পর্যায়ে স্কেটিং প্রতিযোগীতা, জাতীয় লীগ, স্থানীয় লীগ, স্কুল প্রতিযোগীতা, মহিলা স্কেটিং ও প্রদর্শনী খেলা ইত্যাদি আয়োজন।

০৭। আন্তর্জাতিক স্কেটিং প্রতিযোগীতা ও চ্যাম্পিয়ানশীপে বাংলাদেশ জাতীয় দলের অংশ গ্রহনের ব্যবস্থা গ্রহন।

০৮। খ্যাতনামা স্কেটিং/সংগঠক/খেলোয়াড়/কর্মকর্তা/কর্মচারী ও রেফারীদের আর্থিক সহায়তা করন ও কল্যাণ সাধন।

০৯। এফিলিয়েটেড স্কেটিং সংস্থা/সংগঠন সমূহকে সাহায্য সহযোগীতা প্রদান।

১০। স্কেটিং খেলার উপর পুস্তক, পত্রিকা, স্মরণিকা ইত্যাদি প্রকাশ ও গ্রন্থাগার স্থাপন এবং অডিও/ভিডিও সহ অন্যান্য ইলেকট্রনিক্স ও গণমাধ্যমের সুযোগ সৃষ্টি করা।

১১। জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে স্কেটিং খেলার উপর সেমিনার, প্রতিযোগীতা, সিম্পোজিয়াম, আলোচনা সভা ইত্যাদির আয়োজন করা।

১২। স্কেটিং সংস্থা/সংগঠন/কর্মকর্তা/কোচ/রেফারী/খেলোয়াড়দের মধ্যে শৃঙ্খলা রক্ষার ব্যবস্থা গ্রহন।

১৩। প্রশংসনীয় কাজের জন্য সংস্থা, সংগঠন, কর্মকর্তা, খেলোয়াড়, কোচ ও রেফারীদের পুরস্কার প্রদান।

১৪। বিভিন্ন কমিটি ও উপ-কমিটি গঠন এবং তাদের কার্য্যপরিধি সুনির্দিষ্ট করিয়া দেওয়া এবং বিধিমালা প্রণয়ন করা।

১৫। উপরে বর্ণিত উদ্দেশ্য অর্জনে সহায়ক অন্যান্য কার্যাবলী সমাপন এবং এতদুদ্দেশ্যে আঞ্চলিক ও আন্তর্জাতিক ফেডারেশনের সহিত যোগাযোগ রক্ষা করা।

১৬। বাংলাদেশ রোলার স্কেটিং ফেডারেশন বাংলাদেশে স্কেটিং খেলার মানোন্নয়নের উদ্দেশ্যে নিজস্ব কর্মসূচীর মাধ্যমে দেশব্যাপী স্কেটিং এর প্রতিভা অন্বেশণ ও তাদের প্রশিক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা।

১৭। রেফারীদের প্রয়োজনীয় প্রশিক্ষণের (দেশে-বিদেশে) ব্যবস্থা করা, নতুন রেফারী তৈরী করা এবং রেফারী সংক্রান্ত সকল কার্য্যক্রম পরিচালনা করা।

QUAZI AHMED NAJEE
General Secretary

১৮। রোলার স্কেটিং এর জন্য প্রয়োজনীয় রোলার স্কেটিং সরঞ্জাম সংগ্রহ করা এবং ক্লাব সমূহ / স্কেটারদের চাহিদা অনুযায়ী বরাদ্দ দেওয়া।

১৯। দেশে আন্তর্জাতিক মানের একটি স্কেটিং রিংক নির্মান করা।

ধারা-৪

ক) এফিলিয়েটেড সংস্থা ও সংগঠন সমূহঃ

০১। সকল বিভাগীয় ক্রীড়া সংস্থা
০২। সকল জেলা ক্রীড়া সংস্থা/স্কেটিং পরিচালনা সমিতি/স্কেটিং ক্লাব সমূহ।
০৩। রাজধানীর স্কেটিং ক্লাব সমূহ।
০৪। সেনাবাহিনী ক্রীড়া নিয়ন্ত্রন বোর্ড।
০৫। বিমান বাহিনী ক্রীড়া নিয়ন্ত্রন বোর্ড।
০৬। নৌ-বাহিনী ক্রীড়া নিয়ন্ত্রন বোর্ড।
০৭। বাংলাদেশ পুলিশ ক্রীড়া নিয়ন্ত্রন বোর্ড।
০৮। বাংলাদেশ রাইফেলস ক্রীড়া নিয়ন্ত্রন বোর্ড।
০৯। বাংলাদেশ আনসার ও ভিডিপি ক্রীড়া নিয়ন্ত্রন বোর্ড।
১০। প্রতিটি বিশ্ববিদ্যালয়।
১১। জাতীয় মহিলা ক্রীড়া সংস্থা।

খ) এফিলিয়েশন পদ্ধতি ও ফিঃ

০১। ধারা ৪ এর (ক) তে উল্লিখিত সংস্থা ও সংগঠনসমূহ বিআরএসএফ এ এফিলিয়েটেড হওয়ার আবেদন করিতে পারিবে।

০২। কার্যকরী কমিটির অনুমোদনে এফিলিয়েশন প্রদান করা হইবে।

০৩। ফেডারেশনের অর্ন্তভুক্ত প্রতিটি সদস্য সংস্থাকে ফেডারেশন কতৃক নির্ধারিত হারে বাৎসরিক এফিলিয়েশন ফি প্রতি বছর ডিসেম্বর মাসের মধ্যে পরিশোধ করিতে হইবে, অন্যথায় সদস্য পদ বাতিল বলিয়া গণ্য হইবে। সদস্য পদ পূর্নবহালের জন্য বকেয়া এফিলিয়েশন "ফি" এর সাথে ফেডারেশন কতৃক নির্ধারিত পূর্ণবহাল ফি পরিশোধ করিয়া আবেদন করিতে হইবে। যেকোন কারণে সদস্যপদ বালিত হইলে পূর্ণবহাল না হওয়া পর্যন্ত বাংলাদেশ রোলার স্কেটিং ফেডারেশনের কোনো কার্যক্রমে অংশ গ্রহন করিতে পারিবেনা।

ধারা-৫

ক) সাধারণ পরিষদের গঠন ঃ

ফেডারেশনের সর্বময় ক্ষমতা সাধারণ পরিষদের উপর ন্যাস্ত থাকিবে। সাধারণ পরিষদ নিম্নলিখিতভাবে গঠিত হইবেঃ

০১। বিভাগীয় প্রতিনিধি ঃ প্রতিটি বিভাগীয় ক্রীড়া সংস্থা হইতে একজন প্রতিনিধি সাধারণ পরিষদের সদস্য হইবে।
০২। যেসকল জেলা ক্রীড়া সংস্থা বা রাজধানীর ক্লাব গত চার বৎসরে জাতীয় পর্য্যায়ের স্কেটিং খেলায় নূন্যতম একবার অংশগ্রহন করিয়াছেন তাহাদের থেকে দুইজন করিয়া সাধারণ পরিষদের সদস্য হইবেন।

QUAZI AHMED NAJEE
General Secretary

০৩। ক্রীড়া পরিষদ কতৃক পাঁচজন প্রতিনিধি (বিশিষ্ট ক্রীড়াবিদ ও পৃষ্ঠপোষক) সাধারণ পরিষদের সদস্য হইবেন।

০৪। এফআইআরএস/সিএআরএস এর সেন্ট্রাল বোর্ডের সদস্য অথবা এফআইআরএস/সিএআরএস এর যে কোন স্থায়ী কমিটির সদস্য (যদি কেহ থাকেন) পদাধিকার বলে সরাসরি সাধারণ পরিষদের সদস্য হইবেন।

০৫। নির্বাচিত সর্বশেষ সাধারণ সম্পাদক পদাধিকারবলে সাধারণ পরিষদের সদস্য হইবেন।

০৬। বাংলাদেশ মহিলা ক্রীড়া সংস্থার একজন প্রতিনিধি।

খ) সাধারণ পরিষদের ক্ষমতা ও কার্যাবলী ঃ

০১। কার্য্যনির্বাহী কমিটি কতৃক প্রস্তাবিত গঠনতন্ত্রের সংশোধনী বিবেচনা ও অনুমোদন দান।

০২। সভাপতি ও দুই জন সদস্য ব্যতীত কার্য্যনির্বাহী কমিটির সকল পদের নির্বাচন।

০৩। সাধারণ সম্পাদকের বার্ষিক রিপোর্ট বিবেচনা ও অনুমোদন দান।

০৪। নিরীক্ষিত বার্ষিক আয়-ব্যয়ের হিসাব ও ব্যালেন্স শীট পরীক্ষা ও অনুমোদন দান।

০৫। অডিটর নিয়োগ/ অনুমোদন ও সম্মানী নির্ধারণ/অনুমোদন ।

০৬। ফেডারেশনের বার্ষিক বাজেট অনুমোদন।

০৭। ফেডারেশনের আদর্শ ও উদ্দেশ্য অর্জনে সহায়ক যে কোন পদক্ষেপ গ্রহনের বিষয় বিবেচনা ও সিদ্ধান্ত গ্রহন।

গ) সাধারণ সভা ঃ

০১। সাধারন পরিষদের সময়সীমার মধ্যে কার্য্যনির্বাহী কমিটি কতৃক নির্ধারিত স্থান ও সময়ে অন্ততঃ দুইটি সাধারণ সভা অনুষ্ঠিত হইবে। কার্য্যনির্বাহী কমিটির সহিত আলোচনাক্রমে সাধারন সম্পাদক এই সভা আহবান করিবেন। অন্ততঃ ১৫ (পনের) দিন পূর্বে সাধারন সভার বিজ্ঞপ্তি পাঠাইতে হইবে।

০২। প্রয়োজনে বিশেষ সাধারণ সভা আহবান করা যাইবে।

ঘ) তলবী সভা ঃ

কার্যকরী পরিষদ গঠনতন্ত্র অনুযায়ী সাধারন পরিষদের সভা আহবান করিতে ব্যর্থ হইলে বা সাধারন পরিষদের সদস্যদের নিকট যদি প্রতীয়মান হয় যে, কার্যকরী পরিষদ ইচ্ছাকৃতভাবে সাধারন পরিষদের সভা আহবান করিতেছে না সেক্ষেত্রে সাধারন পরিষদের সংখ্যাগরিষ্ঠ সদস্য পূর্বাহ্নে কার্যকরী পরিষদকে অবহিত করাইয়া তলবী সভা আহবান করিতে পারিবেন। এই সভায় যেকোন সিদ্ধান্তের জন্য দুই-তৃতীয়াংশের সর্বসম্মত সিদ্ধান্তের দরকার হইবে।

ঙ) সাধারন সভার আলোচ্যসূচী ঃ

বার্ষিক সাধারন সভার আলোচ্যসূচীতে অন্যান্য বিষয়ের সঙ্গে নিম্নলিখিত বিষয় সমূহ অর্ন্তভুক্ত থাকিবেঃ-

০১। পরবর্তী সাধারণ সভা অথবা বিশেষ সাধারণ সভার কার্য্যবিবরণী অনুমোদন।

০২। সাধারণ সম্পাদকের বার্ষিক রিপোর্ট বিবেচনা ও অনুমোদন।

০৩। কোষাধ্যক্ষ কর্তৃক উপস্তাপিত পূর্ববর্তী বছরের ফেডারেশনের আয়-ব্যয়ের নিরীক্ষিত হিসাব বিবরণী বিবেচনা ও অনুমোদন।

০৪। পরবর্তী বছরের জন্য হিসাব নিরীক্ষক (অডিটর) নিয়োগ/অনুমোদন ও সম্মানী নির্ধারন/অনুমোদন।

০৫। পরবর্তী বৎসরের বাজেট পেশ ও অনুমোদন।

০৬। গঠনতন্ত্র সংশোধনী প্রস্তাব অনুমোদন (যদি থাকে)।

০৭। সভাপতির অনুমতি গ্রহন পূর্বক সদস্যবৃন্দের অংশগ্রহনে সাধারণ আলোচনা।

০৮। নির্বাচন অনুষ্ঠান (মেয়াদ পূর্তির সাধারণ সভায়)।

QUAZI AHMED NAJEE
General Secretary

চ) সভার কোরাম ঃ

সাধারণ সভা/বিশেষ সাধারণ সভা/ নির্বাহী কমিটি সভা/কমিটি/উপ-কমিটির সভায় মোট সদস্যের এক তৃতীয়াংশ কোরাম হিসাবে বিবেচিত হইবে। কোন কারণে কোন সভা মুলতবী হইলে পরবর্তীতে ডাকা উক্ত মূলতবী সভার জন্য কোন কোরাম প্রয়োজন হইবে না।

ধারা-৬

সাধারণ পরিষদ ও কার্য্যনির্বাহী কমিটির মেয়াদকাল ঃ

বাংলাদেশ রোলার স্কেটিং ফেডারেশনের সাধারণ পরিষদ ও কার্য্যনির্বাহী কমিটির মেয়াদকাল হইবে ৪ বৎসর। দায়িত্ব গ্রহনের দিন হইতে কার্য্যনির্বাহী কমিটির সময়সীমা গণনা করা হইবে।

ধারা-৭

কার্য্যনির্বাহী কমিটি ঃ

০১। বাংলাদেশ রোলার স্কেটিং ফেডারেশনের কার্য্যনির্বাহী কমিটির মোট সদস্য হবেন ২৩ জন। সভাপতি সরকার কর্তৃক এবং দুই জন সদস্য জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক মনোনীত হইবেন এবং অন্যান্য কর্মকর্তা ও সদস্যরা সাধারণ পরিষদের ভোটের মাধ্যমে নির্বাচিত হইবেন।

পদবী	সংখ্যা	মন্তব্য
সভাপতি	১ জন	সরকার কর্তৃক মনোনীত
সহ-সভাপতি	৩ জন	নির্বাচিত
সাধারণ সম্পাদক	১ জন	নির্বাচিত
কোষাধ্যক্ষ	১ জন	নির্বাচিত
যুগ্ম-সম্পাদক	২ জন	নির্বাচিত
সদস্য	১৩ জন	নির্বাচিত
সদস্য	২ জন	জাতীয় ক্রীড়া পরিষদ কতৃক মনোনীত।
মোট ঃ	২৩ জন	

০২। নির্বাচনের ১৫ (পনের) দিনের মধ্যে নব-নির্বাচিত কমিটির নিকট ক্ষমতা হস্তান্তর করিতে হইবে। অন্যথায় ১৬তম (ষোলতম) দিন হইতে নব-নির্বাচিত কমিটি দায়িত্ব প্রাপ্ত হইয়াছে বলিয়া ধরিতে হইবে।

০৩। কার্য্যনির্বাহী কমিটি নির্বাচনের পর কোন সদস্যের পদত্যাগ, মৃত্যু বা অন্য কোন কারনে শূন্য হইলে নির্বাহী কমিটি নিজ সদস্য অথবা সাধারণ পরিষদের সদস্য হইতে উক্ত পদ পূরণ করিতে পারিবে।

০৪। একজন কাউন্সিলার শুধুমাত্র একটি পদে নির্বাচন করিতে পারিবেন।

০৩। কার্য্যনির্বাহী কমিটির ক্ষমতা, দায়িত্ব ও কর্তব্য ঃ

ক) কার্য্যনির্বাহী পরিষধ রোলার স্কেটিং ক্রীড়া উন্নয়নের লক্ষ্যে গঠনতন্ত্র অনুযায়ী উদ্দেশ্য ও আদর্শসমূহ বাস্তবায়ন, প্রশাসন, ব্যবস্থাপনা এবং সম্পত্তির দেখাশুনা ও রক্ষণাবেক্ষণ করিবেন।

QUAZI AHMED NAJEE
General Secretary

(১৭৪)

খ) কার্য্যনির্বাহী পরিষদ বাংলাদেশ রোলার স্কেটিং ক্রীড়া প্রসার, প্রচার ও জনপ্রিয় করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করিবেন।

গ) কার্য্যনির্বাহী পরিষদ রোলার স্কেটিং ক্রীড়া নৈপুন্যের উন্নয়নের জন্য সর্বপ্রকার ব্যবস্থা গ্রহন করিবেন।

ঘ) কার্য্যনির্বাহী পরিষদ দেশে রোলার স্কেটিং এর মান উন্নয়নের সাথে সাথে স্কেটিং রিংক সমূহের উন্নয়নের সচেষ্ঠ থাকিবেন।

ঙ) কার্য্যনির্বাহী পরিষদ/সাধারন সম্পাদক প্রয়োজনীয় কর্মচারী নিয়োগ, চাকুরীর শর্তাবলী ও বরখাস্তে ও নিয়মাবলী নির্ধারণ করিবেন।

চ) কার্য্যনির্বাহী পরিষদ আর্থিক বৎসরের জন্য বাজেট প্রণয়ন করিবেন এবং প্রয়োজনীয় অর্থের সংকুলান করিবেন।

ছ) কার্য্যনির্বাহী পরিষদ বাৎসরিক রোলার স্কেটিং ক্রীড়া পঞ্জী প্রস্তত করিবেন।

জ) কার্য্যনির্বাহী পরিষদ ক্রীড়া পঞ্জী অনুযায়ী জাতীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক ক্রীড়া প্রতিযোগীতা সমূহ পরিচালনা করিবেন।

ঝ) কার্য্যনির্বাহী পরিষদ প্রয়োজনে একটি রোলার স্কেটিং ক্লাবকে আন্তঃক্লাব অথবা অন্যন্য প্রতিযোগীতা পরিচালনার জন্য অনুমতি প্রদান করিতে পারিবেন।

ঞ) কার্য্যনির্বাহী পরিষদ আর্থিক বছরের শুরুতে একটি সাধারণ সভায় মিলিত হইবেন এবং উক্ত সভায় সাধারণ সম্পাদকের রিপোর্ট অনুমোদন, নিরীক্ষণকৃত হিসাব অনুমোদন আগামী বছরের বাজেট উপস্থাপন ও অনুমোদন এবং বার্ষিক ক্রীড়া পঞ্জীর অনুমোদনসহ অন্যান্য প্রয়োজনীয় বিষয় অথবা বিষয়াদি সম্পাদন ও অনুমোদন করিবেন।

ট) নির্বাচিত কার্য্যনির্বাহী কমিটির সভায় ফেডারেশনের কর্মকান্ড সুন্দর ও সুষ্ঠভাবে পরিচালনার জন্য প্রয়োজনীয় কমিটি/উপ-কমিটি গঠন এবং তাদের কার্যপরিধি নির্ধারন ও বিধিমালা প্রণয়ন করিবে।

ঠ) প্রতি তিন মাসে অন্ততঃ একবার কার্য্যনির্বাহী কমিটির সভা অনুষ্ঠিত হইবে।

ড) বার্ষিক সাধারণ সভা/বিশেষ সাধারণ সভার আয়োজন করিবে।

ঢ) গঠনতন্ত্রের ধারা, উপ-ধারার ব্যাখ্যা প্রদান এবং গঠনতন্ত্রের উল্লেখিত নয় এমন বিষয় সমূহের উপর সিদ্ধান্ত প্রদান।

ণ) ফেডারেশনের উদ্দেশ্য অর্জনে সহায়ক যে কোন পদক্ষেপ গ্রহন।

ত) কমিটি, উপ-কমিটি সমূহের রিপোর্ট ও সুপারিশ বিবেচনা ও সিদ্ধান্ত গ্রহন।

থ) কার্য্যনির্বাহী পরিষদ রোলার স্কেটিং এর মান উন্নয়নের স্বার্থে যে কোন সিদ্ধান্ত গ্রহন করিতে পারিবেন।

দ) কার্য্যনির্বাহী কমিটির উপস্থিত সদস্যদের সংখ্যাগরিষ্ঠ ভোটে সকল সিদ্ধান্ত গৃহীত হইবে।

৪। শাস্তিমূলক ব্যবস্থা ঃ

ক) কার্য্যনির্বাহী কমিটির কোন সদস্য গঠনতন্ত্রের পরপন্থী কোন কাজ করিলে অথবা বিআরএসএফ এর ভাবমূর্তি ক্ষুন্ন হয় এমন কোন কাজ করিলে কার্য্যনির্বাহী কমিটি তাহার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহন করিতে পারিবে। প্রয়োজনবোধে তাহার সদস্যপদ স্থগিত করা সহ বাতিলের জন্য কার্য্যনির্বাহী কমিটি সাধারণ পরিষদের নিকট সুপারিশ করিতে পারিবে। চুড়ান্ত সিদ্ধান্ত গ্রহনের পূর্বে অভিযুক্ত ব্যক্তিকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিতে হইবে।

QUAZI AHMED NAJEE
General Secretary

খ) কার্য্যনির্বাহী কমিটি রোলার স্কেটিং এর সাথে জড়িত সংস্থা/সংগঠন/কর্মকর্তা সংগঠক/খেলোয়াড়/রেফারী ও সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে শৃঙ্খলা ভঙ্গের কারণে কিংবা প্রচলিত বিধি উপ-বিধি সংরক্ষণের কারণে আর্থিক দায়-দায়িত্বসহ যে কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহন করিতে পারিবে।

গ) মৃত্যু, পদত্যাগ, অননুমোদিত ভাবে ছয় মাসের অধিক বিদেশে অবস্থান, একটানা তিনটি সভায় অননুমোদিতভাবে অনুপস্থিত, অপ্রকৃতস্থ ঘোষনা (ডাক্তার কর্তৃক) বা আদালত কর্তৃক অভিযুক্ত ঘোষিত হইলে সদস্যপদ বাতিল হইয়া যাইবে। তিনটি সভায় অনুপস্থিতির বিষয় সাধারণ সম্পাদক নোটিশের মাধ্যমে সংশ্লিষ্ট সদস্যকে অবগত করাইবেন। নোটিশ প্রাপ্ত হওয়ার পরেও উক্ত সদস্য কোন যুক্তিযুক্ত কারণ প্রদর্শন না করিলে অববা অনুপস্থিত থাকিলে তাহার সদস্যপদ বাতিল হইবে।

৫। সভা আহবান ঃ

সাধারন সম্পাদক সভাপতির সাথে আলোচনাক্রমে সাধারনভাবে ৭ দিনের লিখিত বিজ্ঞপ্তিতে কার্য্যনির্বাহী কমিটির সভা আহবান করিবেন। তবে জরুরী পরিস্থিতিতে সভাপতির নির্দেশে ২৪ ঘন্টার নোটিশে সাধারন সম্পাদক জরুরী সভা আহবান করিতে পারিবেন।

৬। কার্য্যনির্রাহী কমিটির সদস্যদের দায়িত্ব ও ক্ষমতা ঃ

ক) সভাপতি ঃ

১) সাধারন পরিষদ ও কার্য্যনির্বাহী কমিটির সকল সভায় সভাপতিত্ব করিবেন। কোন বিষয়ে দুই পক্ষ সমান সংখ্যক ভোট প্রদান করিলে সভাপতি কাষ্টিং ভোট প্রদান করিতে পারিবেন।
২) প্রয়োজনে সাধারন পরিষদ অথবা কার্য্যনির্বাহী কমিটির জরুরী সভা আহবান করিতে পারিবেন।
৩) কার্য্যনির্বাহী কমিটির কোন পদ শুন্য হইলে নির্বাহী কমিটির সভায় আলোচনা ও সংখ্যাগরিষ্ঠ সদস্যদের মতামতের ভিত্তিতে নির্বাহী কমিটি / সাধারন পরিষদের যে কোন সদস্যকে শুন্য পদে নিয়োগ দান করিতে পারিবেন।
৪) সাধারন সম্পাদক বা কোষাধ্যক্ষের অনুপস্থিতিতে চেকে স্বাক্ষর করিবেন।
৫) ফেডারেশনের কার্যক্রমের সুষ্ঠ পরিচালনার জন্য নির্বাহী কমিটির অনুমোদন সাপেক্ষে প্রয়োজনীয় যে কোন পদক্ষেপ গ্রহন করিবেন।

খ) সহ-সভাপতি ঃ

সভাপতির অনুপস্থিতিতে জোষ্ঠত্যের ক্রমানুসারে একজন সহ-সভাপতি সভাপতির দায়িত্ব পালন করিবেন। কার্য্যনির্বাহী কমিটি অথবা সভাপতি কর্তৃক অর্পিত যে কোন দায়িত্ব তাঁহারা পালন করিবেন।

গ) সাধারন সম্পাদক ঃ

১) সকল সভার বিজ্ঞপ্তি প্রদান এবং কার্য্যবিবরনী লিপিবদ্ধ রাখার ব্যবস্থা করিবেন।
২) কার্য্যনির্বাহী কমিটি অথবা সাধারন পরিষদের সকল সিদ্ধান্ত বাস্তবায়ন করিবেন।
৩) ফেডারেশনের পক্ষে সকল যোগাযোগ রক্ষা করিবেন।
৪) ফেডারেশনের সকল দলিল, কাগুজপত্র ও সম্পত্তি রক্ষা করিবেন।
৫) সভাপতির অথবা কোষাধ্যক্ষের সঙ্গে যুগ্মভাবে চেক স্বাক্ষর করিবেন।
৬) সাধারন পরিষদ কার্য্যনির্বাহী কমিটি অথবা সভাপতি কর্তৃক অর্পিত যে কোন দায়িত্ব পালন করিবেন।
৭) সাধারন সম্পাদক ফেডারেশনের কর্মচারী নিয়োগ ও নিয়ন্ত্রন করিবেন।
৮) সকল বিষয়ে ফেডারেশনকে যথাযথ পরামর্শ দিবেন।

QUAZI AHMED NAJEE
General Secretary

৯) জরুরী খরচ মিটাইবার জন্য সাধারন সম্পাদক কার্য্যনির্বাহী কমিটির সিদ্ধান্ত অনুযায়ী পেটিক্যশ অর্থাৎ তাৎক্ষনিক প্রয়োজনে হাতে রাখিতে পারিবেন এবং খরচ শেষে সমন্বয় সাধন করিবেন।
১০) বার্ষিক কার্যবিবরনী প্রস্তুত করিয়া কার্য্যনির্বাহী কমিটি ও সাধারন পরিষদে উপস্থাপন করিবেন।
১১) ফেডারেশনের সুষ্ঠু পরিচালনার জন্য অন্যান্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করিবেন।

ঘ) যুগ্ম-সম্পাদক ঃ

সাধারন সম্পাদকের সকল কাজে সহায়তা করিবেন এবং সাধারন সম্পাদক অথবা কার্য্যনির্বাহী কমিটি কর্তৃক প্রদত্ত দায়িত্ব পালন করিবেন। সাধারন সম্পাদকের অনুপস্থিতিতে জ্যেষ্ঠতার ক্রমিকানুসারে একজন যুগ্ম সম্পাদক সাধারন সম্পাদকের দায়িত্ব পালন করিবেন।

ঙ) কোষাধ্যক্ষ ঃ

১) ফেডারেশনের পক্ষে সকল অর্থ গ্রহন করিবেন এবং অবিলম্বে তা নিধারিত ব্যাংকে জমা করিবেন।
২) গৃহীত সকল অর্থের জন্য রশীদ প্রদান করিবেন এবং যথাযথ হিসাব রক্ষা করিবেন।
৩) ফেডারেশনের আয়-ব্যয়ের হিসাব তৈরী করিয়া নির্বাহী কমিটির অনুমোদনক্রমে সাধারন সভায় উপস্থাপন করিবেন।
৪) বিভিন্ন কমিটি, উপ-কমিটির বাজেট নিরীক্ষা করিবেন এবং নির্বাহী কমিটির অনুমোদনের জন্য সুপারিশ করিবেন।
৫) ফেডারেশনের ব্যাংক একাউন্ট পরিচালনায় স্বাক্ষরকারীর দায়িত্ব পালন করিবেন।

ধারা - ৮

হিসাব নিরীক্ষা পদ্ধতি ঃ

ক) বার্ষিক সাধারন সভায় অনুমোদিত কমিটি/ সি. এ. অডিট ফার্ম দ্বারা ফেডারেশনের হিসাব নিরীক্ষা কার্য্য পরিচালিত হইবে।
খ) বাংলাদেশ রোলার স্কেটিং ফেডারেশনের অর্থ বৎসর শেষ হওয়ার ৩০ দিনের মধ্যে বার্ষিক হিসাব নিরীক্ষনের ব্যবস্থা করিতে হইবে।

ধারা - ৯

তহবিল সংগ্রহ ও পরিচালনা ঃ

ক) বাংলাদেশ রোলার স্কেটিং ফেডারেশন সরকারী অনুদান, আন্তর্জাতিক সংস্থার অনুদান, চ্যারিটি ম্যাচ আয়োজন, টিকিট বিক্রয়, মিডিয়া স্বত্ব বিক্রয়, লেভী গ্রহন, লটারী আয়োজন, সাংস্কৃতিক অনুষ্ঠান অথবা অন্য যে কোন বৈধ পন্থায় তহবিল সংগ্রহ করিতে পারিবেন।

খ) বাংলাদেশ রোলার স্কেটিং ফেডারেশনের সকল তহবিল নির্বাহী পরিষদের সিদ্ধান্ত অনুযায়ী সদর দপ্তরে অবস্থিত সরকার কর্তৃক অনুমোদিত যে কোন বানিজ্যিক ব্যাংকে রাখিতে হইবে। সভাপতি, সাধারন সম্পাদক ও কোষাধ্যক্ষের মধ্য হইতে যে কোন দুই জনের যৌথ স্বাক্ষরে ব্যাংক একাউন্ট পরিচালিত হইবে।

QUAZI AHMED NAJEE
General Secretary

ধারা - ১০

অর্থ বছর / কার্য্যকাল বছর ঃ

বাংলাদেশ রোলার স্কেটিং ফেডারেশনের অর্থ / কার্য্যকাল বছর ১লা জুলাই হইতে ৩০শে জুন সময়কে ধরা হইবে।

ধারা - ১১

নির্বাচন ঃ

১) জাতীয় ক্রীড়া পরিষদ গঠিত নির্বাচন কমিষন গঠনতন্ত্রে বিধিমালা প্রনয়ন পূর্বক নির্বাচন পরিচালনা করিবেন। নির্বাচন আয়োজনে নির্বাচন কমিষন নীতিমালা প্রনয়ন পূর্বক নির্বাচন পরিচালনা করিবে।

২) বাংলাদেশ রোলার স্কেটিং ফেডারেশনের সাধারন পরিষদের সকল সদস্য (কাউন্সিলর) নির্বাচনে অংশগ্রহন করিতে পারিবেন।

৩) নির্বাচন কমিশনের কোন কর্মকর্তা বা সদস্য এবং জাতীয় ক্রীড়া পরিষদের কর্মরত কোন ব্যক্তি নির্বাচনের প্রার্থী হইবার যোগ্য নহেন ।

৪) সাধারন পরিষদের সদস্যদের সরাসরি ভোটের মাধ্যমে বাংলাদেশ রোলার স্কেটিং ফেডারেশনের কার্য্যনির্বাহী কমিটি নির্বাচিত হইবে।

৫) বর্তমান কমিটির মেয়াদ উত্তীর্ণ হওয়ার পূর্বে নতুন নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে নির্বাচন কমিশন গঠিত হইবে এবং নির্বাচনী 'তফশীল' ঘোষনার ৩৫ দিনের মধ্যে নির্বাচন শেষ করিতে হইবে ।

৬) নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত তফশীল ও নীতিমালা অনুযায়ী নির্বাচন পরিচালিত হইবে।

৭) কোন অবস্থাতেই নির্বাচনে ডাকযোগে অথবা প্রক্সী ভোট প্রদান গ্রহনযোগ্য হইবে না ।

৮) এই গঠনতন্ত্রের অন্যাণ্য অনুচ্ছেদে যাহাই বর্ণনা করাথাকুক, কোন কারনে নির্বাচনের সময় বার্ষিক সাধারন সভার সময় না হইলে কিংবা বার্ষিক সাধারন সভার পর্যাপ্ত কারন না থাকিলে সেই ক্ষেত্রে কাউন্সিলর/ভোটারদের কেন্দ্রীয় কার্যালয় অথবা নির্বাচন কমিশন কর্তৃক উল্লেখিত স্থানে সভা আহবান করিয়া নির্বাচন অনুষ্ঠান করা যাইবে ।

ধারা-১২

কল্যান তহবিল ঃ

বাংলাদেশ রোলার স্কেটিং ফেডারেশন টুর্ণামেন্ট/প্রদশর্নী খেলা/ লটারী আয়োজন বা অন্য কোন আইনসিদ্ধ পন্থায় কল্যান তহবিলের অর্থ সংগ্রহ ও পরিচালনা করিতে পারিবেন ।

ধারা - ১৩

খেলোযার নিবন্ধী করন ঃ

ক) দেশের সকল স্কেটিং খেলোয়ারকে বাংলাদেশ রোলার স্কেটিং ফেডারেশ /ফেডারেশন কর্তৃক অনুমোদিত যে কোন একটি সংস্থাং নিবন্ধীকৃত হইতে হইবে। কোন খেলোয়ার ফেডারেশন ব্যতিত একটির বেশী সংস্থায় নিবন্ধীকৃত হইতে পারিবেন না।

খ) প্রতি মৌসুম শেষে একজন খেলোয়ার নীতিমালা অনুযায়ী দল / সংস্থা বদল করিতে পারিবেন। বাংলাদেশ রোলার স্কেটিং ফেডারেশন এজন্য নিয়ম কানুন প্রণয়ন করিতে পারিবেন।

QUAZI AHMED NAJEE
General Secretary

ধারা - ১৪

বিধি ও উপ-বিধি ঃ

ক) বাংলাদেশ রোলার স্কেটিং ফেডারেশনের সাথে এফিলিয়েটেড সংস্থা / সংগঠন স্কেটিং খেলা পরিচালনার যথাযথ ও কার্য্যকর ব্যবস্থা প্রয়োজনে নিজ নিজ বিধি / উপ-বিধি প্রণয়ন করিতে পারিবেন যাহা বাংলাদেশ রোলার স্কেটিং ফেডারেশনের অনুসৃত নীতিমালা অনুযায়ী এবং বাংলাদেশ রোলার স্কেটিং ফেডারেশন কর্তৃক পূর্ব অনুমোদিত হইতে হইবে।

খ) বাংলাদেশ রোলার স্কেটিং ফেডারেশনের সহিত নিবন্ধীকৃত যে কোন সংস্থা বা সংগঠন কোন আন্তর্জাতিক বা আমন্ত্রন মূলক স্কেটিং প্রতিযোগীতায় অংশগ্রহনে অথবা কোন প্রতিযোগীতা আয়োজনে আগ্রহী হইলে বাংলাদেশ রোলার স্কেটিং ফেডারেশনের পূর্ব অনুমতি গ্রহন করিতে হইবে।

গ) বাংলাদেশ রোলার স্কেটিং ফেডারেশনের এফিলিয়েটেড সংস্থা / ক্লাব / সংগঠন কোন বিদেশী দলকে আমন্ত্রন জানাইতে অগ্রহী হইলে বাংলাদেশ রোলার স্কেটিং ফেডারেশনের পূর্ব অনুমতি বাধ্যতামূলক।

ধারা - ১৫

গঠনতন্ত্র সংশোধন ঃ

ক) গঠনতন্ত্রের কোন ধারা সংশোধনে আগ্রহী সদস্যদের সাধারন সভার অন্তত ৩০ দিন পূর্বে এই মর্মে নোটিশ প্রদান করিতে হইবে। সাধারন পরিষদে উপস্থাপনের পূর্বে এই সংশোধনী কার্য্যনির্বাহী কমিটিতে বিবেচিত হইবে।

খ) প্রস্তাবিত সংশোধনী ও কার্য্যনির্বাহী কমিটির এতদসংক্রান্ত সুপারিশ সকল সদস্যদের মধ্যে লিখিতভাবে বিতরণ করিতে হইবে। সাধারন সভার আলোচ্য সূচীতে এ সংশোধনী বিবেচনা অন্তর্ভূক্ত থাকিতে হইবে।

গ) সাধারন পরিষদের দুই-তৃতীয়াংশ সদস্য সম্মতি প্রদান করিলে গঠনতন্ত্র সংশোধনী গৃহীত হইবে।

ঘ) গঠন তন্ত্র পরিপন্থী কোন বিধি, উপ-বিধি তৈরী করা যাইবে না।

ধারা - ১৬

আরবিট্রেশন ঃ

ক) বাংলাদেশ রোলার স্কেটিং ফেডারেশন কিংবা সংশ্লিষ্ট কোন কমিটির সিদ্ধান্তের বিরুদ্ধে কোন আইনগত ব্যবস্থা গ্রহন করিতে হইলে তাহা এফ.আই.আর.এস. গঠনতন্ত্রের অনুযায়ী কোন এফিলিয়েটেড সংস্থা / ক্লাব / সংগঠন / খেলোয়ার/ কর্মকর্তা / প্রশিক্ষক / রেফারী / সমর্থক এর কোন বিরোধ মিমাংশার জন্য কিংবা সিদ্ধান্তের জন্য আদালতের আশ্রয় লইতে পারিবেন না। তবে খেলা সম্পর্কিত কোন বিরোধ মীমাংসার জন্য উভয় পক্ষের সম্মতিক্রমে নির্ধারিত মধ্যস্থতাকারীর মাধ্যমে নিস্পত্তি করিতে পারিবে। এই মধস্থকারীর সিদ্ধান্তই চুড়ান্ত বলিয়া মানিয়া লইতে হইবে। দেশে প্রচলিত আইনের আওতায় এ ধরনের অধিকার থাকিলেও উক্ত ব্যক্তি / সংগঠন সেই অধিকার স্বেচ্ছায় পরিত্যাগ করিয়াছে বলিয়া গন্য হইবে।

QUAZI AHMED NAIEB
General Secretary

১০৭

ংলাদেশ রোলার স্কেটিং ফেডারেশনের সকল নিবন্ধীকৃত ক্লাব / সংস্থা / কর্মকর্তা কোন বিষয়ে বিধি, উপ-বিধির সকল ক্রিয়া সমাপনান্তে উভয় পক্ষের সম্মতির সমাধানের ভিত্তিতে সমঝোতা বা মীমাংশা গ্রহনযোগ্য কোন মধ্যস্থাকারীর মাধ্যমে রিতে পারিবেন।

QUAZI AHMED NASIR
General Secretary